**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন (লেভেল ২ ও ৩)
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১১.০৬.০০১.২৫.১৩৮

তারিখ: ০৪ চৈত্র ১৪৩১ / ১৮ মার্চ ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি সংস্কার বোর্ডের নিয়োগবিধি ও সরকারের প্রচলিত সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক ভূমি সংস্কার বোর্ড ও বোর্ডের আওতাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে http://lrb.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | কম্পিউটার অপারেটর<br>টাকা-১১০০০-২৬৫৯০/-<br>জাতীয় বেতন স্কেল-২০১৫, (গ্রেড-১৩) | মোট ০১ (এক)টি<br>(ভূমি সংস্কার বোর্ড প্রধান কার্যালয়) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; | জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪/১৪ ১নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। |
| (২) | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>টাকা-১০২০০-২৪৬৮০/-<br>জাতীয় বেতন স্কেল-২০১৫, (গ্রেড-১৪) | মোট ০১ (এক)টি<br>(বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়, বরিশাল) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) ব্যবহারিক পরীক্ষায় সাঁট-লিপিতে প্রতিমিনিটে গতি বাংলায় ৪৫ শব্দ, ইংরেজিতে ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিংয়ে গতি বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজি ৩০ শব্দ হতে হবে; | |
| (৩) | গাড়িচালক<br>টাকা-৯৩০০-২২৪৯০/-<br>জাতীয় বেতন স্কেল-২০১৫, (গ্রেড-১৬) | মোট ০৩ (তিন)টি<br>(খুলনা, রংপুর, ময়মনসিংহ বিভাগ) | (ক) স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়িচালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স; | |
| (৪) | অফিস সহায়ক<br>টাকা-৮২৫০-২০০১০/-<br>জাতীয় বেতন স্কেল-২০১৫, (গ্রেড-২০) | মোট ০৩ (তিন)টি<br>(ভূমি সংস্কার বোর্ড প্রধান কার্যালয়-৩টি) | স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | ঐ |
| (৫) | নিরাপত্তা প্রহরী<br>টাকা-৮২৫০-২০০১০/-<br>জাতীয় বেতন স্কেল-২০১৫, (গ্রেড-২০) | মোট ০১ (এক)টি<br>(ভূমি সংস্কার বোর্ড প্রধান কার্যালয়) | স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |
| (৬) | পরিচ্ছন্নতাকর্মী<br>টাকা-৮২৫০-২০০১০/-<br>জাতীয় বেতন স্কেল-২০১৫, (গ্রেড-২০) | মোট ০১ (এক)টি<br>(ভূমি সংস্কার বোর্ড) | স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি)) বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেডিসি) অথবা ৮ম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ; | |

**শর্তাবলি :**

১। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান/পদ্ধতি অনুসরণ করা হবে।

২। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১-০৩-২০২৫ খ্রি. তারিখে বয়স ১৮ হতে ৩২ বছর হতে হবে।

৩। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের অনলাইনে দরখাস্ত দাখিলের সময় স্ব স্ব কর্তৃপক্ষের নিকট থেকে চাকরিতে আবেদন করার জন্য ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল ছাড়পত্র প্রদর্শন করতে হবে।

৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলরের সনদপত্র। পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত একসেট সনদপত্রাদি দাখিল করতে হবে।

৫। আবেদনকারী নিয়োগ লাভের পর ভূমি সংস্কার বোর্ড, ঢাকা অথবা বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ে চাকরি করতে বাধ্য থাকবেন।

৬। কোনো অসত্য তথ্য বা ভুয়া সনদ ব্যবহার করলে ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://lrb.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমা দান শুরুর তারিখ ও সময় : ২০-০৩-২০২৫ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮-০৪-২০২৫ বিকাল ০৫.০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রের পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং-১-৩নং পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ক্রমিক ৪-৬নং পদের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং সকল গ্রেডের পদেই অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।
প্রথম SMS: LRB<space>user ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: LRB ABCDEF
Reply: Applicant's Name, TK- 112/- or 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type LRB <space> Yes <space> PIN and send to 16222.
দ্বিতীয় SMS: LRB<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বর।
Example: LRB Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for LRB application for <post name> user ID is (ABCDEF) and password (xxxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://lrb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে:
LRB<space>HELP<space>USER<space>User ID and send to 16222
Example: LRB HELP USER 12345678
ii. PIN number জানা থাকলে:
LRB<space>Help<space>PIN<space>PIN No and send to 16222
Example: LRB HELP PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ভূমি সংস্কার বোর্ডের নিজস্ব ওয়েবসাইটে (www.lrb.gov.bd) এবং বোর্ডের কার্যালয়ের নোটিশ বোর্ডে এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.lrb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা mem1@lrb.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: LRB, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৯। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১০। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্যপদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা-এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা-এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

১৮/০৩/২০২৫
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব)
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন- ০২-৪১০১০৪৪৮
ই-মেইল-mem1@lrb.gov.bd